দৈনিক জনকণ্ঠ

44

তারিখ ... OCT..1 1.1998 ...
পৃষ্ঠা ...৮... কলাম ...৩......

## বেসরকারী কলেজে পদোন্নতি প্রসঙ্গে

শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা এবং জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর কর্তৃক বেসরকারী কলেজের শিক্ষকগণের চাকরিবিধি অনুসারে স্নাতক (সম্মান) অথবা স্নাতকোত্তর শ্রেণীতে প্রথম শ্রেণী এবং কলেজ পর্যায়ে প্রভাষক হিসাবে ৫ বছরের শিক্ষতার অভিজ্ঞতা অথবা এম ফিল ডিগ্রীধারীদের কলেজ পর্যায়ে প্রভাষক হিসাবে ২ বছরের শিক্ষকতার অভিজ্ঞতার ভিত্তিতে সহকারী অধ্যাপক পদে পদোন্নতির বিধান থাকলেও "মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা" প্রভাষকদের যোগ্যতা ও অভিজ্ঞতা অনুসারে এমপিওতে সহকারী অধ্যাপকের পদবী এবং বেতন স্কেল (৭২০০/=) প্রদান করা হচ্ছে না। বর্তমানে মাননীয় প্রধানমন্ত্রীর ঘোষণা অনুযায়ী মেধাবী ভাল শিক্ষকদের উচ্চতর বেতন স্কেল প্রদানের কথা বলা হলেও মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদফতর কার্যকর পদক্ষেপ নিচ্ছে না। ফলে ভাল রেজাল্টধারী উচ্চতর ডিগ্রীপ্রাপ্ত মেধাবী শিক্ষকরা এ পেশায় বিধি মোতাবেক পদোন্নতি না পেয়ে শঙ্কাবোধ করছেন। এমতাবস্থায় এ ধরনের সমস্যার সুষ্ঠু সমাধানের জন্য উর্ধতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করছি।

*কাজী তাজুল ইসলাম*
প্রভাষক– জীববিজ্ঞান, ইছামতি কলেজ,
গালিমপুর, নবাবগঞ্জ, ঢাকা-১৩২০।